



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫৬৯৭

নং- বামাশিবো/প্রশা/খুলনা-৭০/

তারিখঃ /০৮/২০১৭খ্রিঃ

বিষয় : কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/খুলনা-৭০/৮২৯; তারিখঃ ২৪/০১/২০১৬
২) স্মারক নং- ০৫.৪৪.৪৭৩০.০০১.১৮.০১৩.১৬-৮২৮(যুক্ত); তারিখঃ ০১/০৯/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদরাসার সুপার শেখ আঃ হান্নান (ইনডেক্স নং-৩৬৫১৮২) এর বিরুদ্ধে একই সময়ে অবৈধভাবে এ, বি, জি, কে ফাজিল মাদরাসা, কেশবপুর, যশোর-এ কর্মরত আছেন মর্মে জনৈক এস এম গোলাম ছরোয়ারসহ কতিপয় ব্যক্তি একথানা অভিযোগ দাখিল করেন।

উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন।

প্রাপ্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার শেখ আঃ হান্নান (ইনডেক্স নং-৩৬৫১৮২) এর বিরুদ্ধে একই সময়ে দুটি প্রতিষ্ঠানে চাকুরী করার অভিযোগটি প্রমানিত হয়েছে। তিনি থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদরাসার সুপার দাবী করেন। আবার অপরদিকে নিজেকে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন এ বি জে কে ফাজিল মাদরাসার অধ্যক্ষ হিসেবে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৫/০২/২০১৫ ইং তারিখের স্মারক নং- ১জি/২৪৭/বি/০৮/১৪৪০/২-বিশেষ এর বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৬৮০/২০১৫ দায়ের করেন।

বর্ণিত অবস্থায় তদন্তে প্রমানিত ও তার কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-২৬৮০/২০১৫ এর মাধ্যমে স্বীকৃত একই সাথে দুই প্রতিষ্ঠানে চাকুরী করার কারণে তার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হবে না সে বিষয়ে আগামী ১০ (দশ) দিনের মধ্যে সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৫/

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব শেখ আঃ হান্নান, সুপার (ইনডেক্স নং-৩৬৫১৮২)
থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদরাসা, ডুমুরিয়া, খুলনা।

নং- বামাশিবো/প্রশা/খুলনা-৭০/ ২০০২১৭

তারিখঃ ১৬/০৮/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪. সভাপতি, থুকড়া ইসলামিয়া ওয়াজেদিয়া দাখিল মাদরাসা, ডুমুরিয়া, খুলনা।
৫. জনাব এস এম গোলাম ছরোয়ার, পিতা- মৃত আনহার আলী সরদার, সাং- থুকড়া, ডুমুরিয়া, খুলনা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

০৫/

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪